বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট

পরিচালক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট
এবং
চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭- ৩০ জুন, ২০১৮

সূচিপত্র

বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন- ১ ঃ কার্যাবলী

সেকশন- ২ ঃ কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী- ১ ঃ শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী- ২ ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী- ৩ ঃ কর্মসম্পাদন লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগের উপর নির্ভরশীলতা

বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Over view of the performance of the Bangladesh Tea Research Institute)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহঃ

বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট চা উৎপাদন ও গুনগত মান উন্নয়নের জন্য নিরলস ভাবে প্রযুক্তি উদ্ভাবন এবং কারিগরি সহযোগিতা করে থাকে। উচ্চফলনশীল ও গুনগত মানসম্পন্ন ২০ টি ক্লোন, ৪ টি বাইক্লোনাল এবং ১টি পলিক্লোনাল বীজজাত উদ্ভাবন করা হয়েছে। তৈরী চায়ে চা চাষে ব্যবহৃত কীটনাশকের অবশিষ্টাংশ নিরুপনের জন্য একটি আধুনিক পরীক্ষাগার, চায়ের জৈব রাসায়নিক বিশ্লেষনের জন্য প্রাণরসায়নের অপর একটি আধুনিক গবেষণাগার প্রতিষ্ঠা করা হয়েছে। হেক্টর প্রতি চারার পরিমান প্রমিতকরন, আদর্শ রোপন পদ্ধতি, পোকামাকড়, রোগবালাই ও আগাছা দমন বিষয়ে সমন্বিত পদ্ধতি উদ্ভাবন, উপযোগী ছাটাই চক্র, বিজ্ঞান ভিত্তিক টিপিং ও চয়ন চক্র নির্ধারন করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ ঃ

বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটের উদ্ভাবিত প্রযুক্তি মাঠ পর্যায়ে ব্যবহারে ব্যপ্তি সীমা আশানুরুপ নয়। বৈশ্বিক উষ্ণায়ণ পরিবর্তিত আবহাওয়ায় খড়া সহিষ্ণু ও পোকামাকড়- রোগবালাই প্রতিরোধক ক্লোন জাত উদ্ভাবন। বাংলাদেশে চা চাষ পদ্ধতিতে যান্ত্রিক কৌশল ব্যবহার করে শ্রম নির্ভরতা কমিয়ে আনা।

ভবিষৎ পরিকল্পনা ঃ

প্রতিটি চা বাগানে উচ্চ ফলনশীল ক্লোন ও বীজ জাতে নিজস্ব উৎস সৃজনের জন্য কারিগরি সহযোগিতা প্রদান এবং বীজ ও ফ্রেশকাটিং সরবরাহ করা। বিভিন্ন গবেষণা কাজে আধুনিকীকরণ। প্রশিক্ষিত জনবল তৈরির জন্য আন্তর্জাতিক লিংকেজ তৈরি করা।

২০১৭-২০১৮ অর্থবছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- বাংলাদেশ চা শিল্পের জন্য উন্নত ফলনশীল জাতের ক্লোন বিটি ২১ ও বীজ জাত বিটিএস ৫ অবমুক্ত করন।
- চা বাগানসমূহের ব্যবস্থাপকদের দক্ষতা বৃদ্ধির জন্য উপকেন্দ্রসমূহে ৪ টি বার্ষিক কোর্স আয়োজন।
- উত্তরবঙ্গ অঞ্চলের ক্ষুদ্র চা চাষিদের জন্য ৫টি এবং বান্দরবন অঞ্চলের জন্য ২ টি প্রশিক্ষন কর্মশালা আয়োজন।
- বিভিন্ন ভ্যালী সার্কেলে, বিটিআরআই প্রধান কেন্দ্রে ও বাগান ভিত্তিক দলীয়ভাবে ১০ টি টি-টেষ্টিং সেশন আয়োজন।
- চা আবাদীর সমসাময়িক বিষয়ভিত্তিক বিভিন্ন ভ্যালীতে ২৫ টি কর্মশালা সম্পাদন।
- চা চাষাবাদ সংক্রান্ত বিভিন্ন সমস্যাবলীর উপর বাগানসমূহে ৩০ টি উপদেশমূলক ভ্রমণ।
- গবেষণা উপকমিটির ১টি সভা করা
- ৩,০০০ মৃত্তিকা নমুনা বিশ্লেষণ পূর্বক সারের মাত্রা সুপারিশ।
- চাহিদা মোতাবেক তৈরি চায়ে রেসিডিউ বিশ্লেষণ।
- ১ টি জার্ণাল ও ৪ টি সার্কুলার প্রকাশ।
- ১টি বার্ষিক প্রতিবেদন প্রকাশ।

উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নিয়োজিত চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড এর মধ্যে ২০১৭ সালের ------------- মাসের ------------------ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তি উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

সেকশন- ১

বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটের রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলী

১.১ রুপকল্প (Vision)ঃ বাংলাদেশের চা কে উৎপাদন ও গুনগত মানে বিশ্বমানে উন্নীত করনে প্রযুক্তি উদ্ভাবন ।

১.২ অভিলক্ষ্য (Mission)ঃ চলতি শতাব্দিতে দেশের চা পিয়াসীদের প্রয়োজনীয় মান সম্পন্ন নিরাপদ চা সরবরাহ করা এবং বিশ্ব বাজারে চা রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)ঃ হেক্টর প্রতি উৎপাদন বৃদ্ধির এবং চা এর গুনগত মান বৃদ্ধির জন্য চা চাষ পদ্ধতি আধুনিকীকরণ।

১.৪ কার্যাবলি (Functions) ঃ

- বাংলাদেশ চা এ উৎপাদন সংশ্লিষ্ট চলমান এবং ভবিষ্যতের সম্ভাব্য কারিগরি সমস্যা সমাধানে নিরলস গবেষণা পরিচালনা এবং উপযোগী প্রযুক্তি উদ্ভাবন করা।
- ইনস্টিটিউট থেকে উদ্ভাবিত প্রযুক্তি দেশের চা বাগান গুলোতে পৌছে দেওয়া।
- দেশের বিভিন্ন চা বাগানে আকস্মিক উদ্ভুত কারিগরি সমস্যা নিরসনের জন্য সরজমিনে বাগান পরিদর্শন এবং সমাধানের পরামর্শ প্রদান।
- ফ্যাক্টরীতে তৈরি চা এর মান নিয়ত্রনে বিটিআরআই এর মূল কেন্দ্র , উপকেন্দ্র এবং ভ্যলি পর্যায়ে চা আস্বাদনী অনুষ্ঠান সম্পাদন ও পরামর্শ প্রদান করা।
- চা উৎপাদন ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট জনবল এর দক্ষতা বৃদ্ধির জন্য কারিগরি প্রশিক্ষণ প্রদান করা।
- ভিপি নার্সারীর জন্য বাগানে নিজস্ব এনসিপি স্থাপনে নব উদ্ভাবিত উন্নত জাত/ ক্লোনের চারা সরবরাহ এবং কারিগরি সহায়তা প্রদান।

সেকশন ২: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৬-২০১৭	প্রকৃত অর্জন ২০১৭-২০১৮	লক্ষ্য মাত্রা/ নির্ণায়ক ২০১৭-২০১৮					প্রক্ষেপন ২০১৮-২০১৯	প্রক্ষেপন ২০১৯-২০২০
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
১. চা চাষ এলাকা সম্প্রসারণ, চা উৎপাদন, গুনগত মান ও রপ্তানি বৃদ্ধি	৪০	১.৪. উন্নত জাতের বিটি ২১ ক্লোন চা চারা ও বীজ বিটিএস ৫ অবমুক্তি	১.৪.১. অবমুক্তকৃত ক্লোন চা চারা ও বাই ক্লোনাল বীজ জাত	সংখ্যা ২	৪	-	-						২	২
		১.৭. চায়ের গুনগত মান যাচাইয়ের জন্য বিটিআরআই কর্তৃক ভ্যালী ভিত্তিক টি টেস্টিং কর্মসূচী বাস্তবায়ন করা	১.৭.১. বাস্তবায়িত ভিত্তিক টি টেস্টিং কর্মসূচী	সংখ্যা ১০	৫	৫	৫	৫					৫	৫
৫. চা শিল্পের উন্নয়নে সেমিনার, ওয়ার্কশপ, প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করণ	১৫	৫.১. চা শিল্পের উন্নয়নের জন্য ওয়ার্কশপ ও সেমিনার করা	৫.১.১. সম্পাদিত ওয়ার্কশপ ও সেমিনার	সংখ্যা ২৫	৫									
		৫.২. ক্ষুদ্র চা চাষীদের হাতে কলমে প্রশিক্ষণ প্রদান	৫.২.১. সম্পাদিত প্রশিক্ষণ	সংখ্যা ৭	৫	৫	৫	৫					৫	৫
		৫.৩. বিজ্ঞানভিত্তিক চা চাষ সম্প্রসারণের লক্ষ্যে বৈজ্ঞানিক কলাকৌশল হস্তান্তর, চা বাগান ব্যবস্থাপকদের দক্ষতা বৃদ্ধির জন্য বার্ষিক কোর্স এর আয়োজন	৫.৩.১. হস্তান্তরিত বৈজ্ঞানিক কলাকৌশল ও বর্ধিত দক্ষতা	সংখ্যা ৪	৫	৩	৩	৩					৩	৩

আমি ড. মোহাম্মদ আলী, পরিচালক, বিটিআরআই মাননীয় চেয়ারম্যান মহোদয়, বাংলাদেশ চা বোর্ড এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি মেজর জেনারেল মো. সাফিনুল ইসলাম, *এনডিসি*, *পিএসসি*, চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, পরিচালক বিটিআরআই এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

-------------------------------	-------------------------------
পরিচালক	তারিখ
-------------------------------	-------------------------------
চেয়ারম্যান	তারিখ

সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

বিটিবি - বাংলাদেশ চা বোর্ড

বিটিআরআই - বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট

এনসিপি - নিউক্লিয়াস ক্লোন প্লট

ভিপি - ভেজিটেটিভ প্রপাগেশন

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

ক্রমিক নম্বর	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বিবরণ	বাস্তবায়নকারী ইউনিট	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
১.	অবমুক্তকৃত ক্লোন চা চারা	১.৪.১	ক্লোন ২১ও বীজ জাত বিটিএস ৫ অবমুক্তি।	বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটের গবেষণা বিভাগসমূহ	মাসিক প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন, গবেষণা উপকমিটির সভার কার্যবিবরণী, ওয়েবসাইড	
২.	বাস্তবায়িত ভিত্তিক টি টেস্টিং কর্মসূচী	১.৭.১	১০ টি টেষ্টিং সেশন			
৩.	সম্পাদিত ওয়ার্কশপ ও সেমিনার	৫.১.১	অঞ্চল ভিত্তিক মোট ২৫ টি ওয়ার্কশপ ও সেমিনার			
৪.	সম্পাদিত প্রশিক্ষণ	৫.২.১	বার্ষিক কোর্স ৪ টি			
৫.	হস্তান্তরিত বৈজ্ঞানিক কলাকৌশল ও বর্ধিত দক্ষতা	৫.৩.১	২,০০,০০০ ফ্রেশ কাটিং ৫,০০০ শিকড়যুক্ত চারা, ৩০ টি বাগানে উপদেশ মূলক ভ্রমন, ৩০০ কেজি বাইক্লোন বীজ প্রদান, ৩,০০০ মৃত্তিকা নমুনা বিশ্লেষণ।			

সংযোজনী-৩: অন্য দপ্তর/সংস্থার বাংলাদেশ চা বোর্ড এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/ প্রত্যাশা	চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট	অবমুক্তকৃত ক্লোন চা চারা ও বীজ জাত	১.৪.১	ইনস্টিউটের জনবলকে দক্ষকরে গড়ে তোলার জন্য চা উৎপাদনকারী উন্নত দেশগুলোতে প্রশিক্ষণ ব্যবস্থা।	পরিবর্তিত আবহাওয়ায় উন্নত ফলনশীল ক্লোন উদ্ভাবনের নতুন কৌশল জানা যাবে।	দেশে চা এর প্রয়োজন মিটানের জন্য নিকট ভবিষ্যতেই চা আমদানি করতে হবে। একই সাথে দেশের ক্লোন বৈদেশিক মুদ্রা উপার্জনের একটি খাত বন্ধ হয়ে যাবে।
	টি টেস্টিং কর্মসূচী	১.৭.১	দেশে উৎপাদিত চা এর গুনগত মান নিয়ন্ত্রিত হবে	টি টেস্টিং কর্মসূচির মাধ্যমে ফ্যাক্টরীতে প্রক্রিয়াজাতকরনের বিভিন্ন স্তরে কোন সমস্যা থাকলে তা চিহ্নিত করা যায় এবং পরামর্শমত ব্যবস্থা নিয়ে চা এর গুনগত মান নিয়ন্ত্রন করা যায়।	ক্রমান্নয়ে গুনগত মান নিয়ন্ত্রন ব্যবস্থা দূর্বল এবং উৎপাদিত চা এর মূল্য নিম্নমুখী হবে।
	সম্পাদিত ওয়ার্কশপ ও সেমিনার	৫.১.১	চা চাষে বিটিআরআই এর উদ্ভাবিত প্রযুক্তি ব্যবহারকারীদের মধ্যে ছড়াতে হবে।	ব্যবহারকারীগন চা চাষে উক্ত প্রযুক্তি ব্যবহার করে সুফল পাবেন এবং চা এর উৎপাদন বৃদ্ধিতে সহায়ক হবে।	উদ্ভাবিত প্রযুক্তির পূর্ণ সুফল চা শিল্প পাবে না।
	সম্পাদিত প্রশিক্ষণ	৫.২.১	চা চাষে উৎপাদনের সঙ্গে সংশ্লিষ্টগণের দক্ষতা বৃদ্ধি করতে হবে।	চা চাষে প্রয়োজনীয় কার্যসম্পদনের মান উন্নত হবে এবং উৎপাদন বৃদ্ধিতে সহায়ক হবে।	দক্ষজনবল তৈরী হবে না এবং উৎপাদন বৃদ্ধিতে উক্ত জনবল বিশেষকিছু ভুমিকা রাখতে পারবেনা।
	হস্তান্তরিত বৈজ্ঞানিক কলাকৌশল ও বর্ধিত দক্ষতা	৫.৩.১	জার্ণাল, বার্ষিক প্রতিবেদন, সার্কুলার প্রকাশ এবং প্রশিক্ষণ প্রদান	চা চাষ সম্পর্কে জ্ঞান অর্জন সহজ হবে।	সীমিত জ্ঞানেই উৎপাদন করতে যেয়ে উৎপাদন খরচ বৃদ্ধি পাবে এবং গুনগতমান নিয়ন্ত্রনহীন হয়ে যাবে।